**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 14-02-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ আগরতলার শিশু উদ্যানে ৮ দিনব্যাপী আদি মহোৎসবের উদ্বোধন করেছেন।**

**(২) কৃষিমন্ত্রী রতন লাল নাথ বলেছেন, ত্রিপুরার অর্গানিক পণ্যের আন্তর্জাতিক চাহিদা বাড়ছে।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, গত ১১ বছরে বিজেপির নেতৃত্বাধীন এন.ডি.এ সরকার উত্তর-পূর্বাঞ্চলের ব্যাপক উন্নয়নে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।**

**(৪) মহিলাদের জাতীয় সিনিয়র ক্রিকেটের সীমিত ওভারের আসরে গ্রুপের পঞ্চম খেলায় ত্রিপুরা জয়লাভ করেছে।**

*******************************

**CM-Aadi Mahotsav :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ আগরতলার শিশু উদ্যানে ৮ দিনব্যাপী আদি মহোৎসবের উদ্বোধন করেছেন। ভারত সরকারের জনজাতি মন্ত্রকের অধীন ট্রাইবেল কোপারেটিভ মার্কেটিং ডেভেলপমেন্ট ফেডারেশন অফ ইন্ডিয়া লিমিটেড বা TRIFED আয়োজিত এই অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, জনজাতিদের আর্থ-সামাজিক মান উন্নয়নে কেন্দ্রীয় সরকারের একটি অন্যতম কর্মসূচি হল আদি মহোৎসব। তিনি বলেন, আদি মহোৎসব বা আদি বাজার প্ল্যাটফর্মের মাধ্যমে ভারতের বিভিন্ন প্রান্তের আদিবাসী শিল্পীদের শিল্পকলা সংস্কৃতি হস্তশিল্প খাদ্য সংস্কৃতি প্রদর্শিত হবে। এর মাধ্যমে তাদের ঐতিহ্য দক্ষতা ও সংস্কৃতির বিনিময়কে উৎসাহিত করবে। অনুষ্ঠানে বক্তব্য রাখেন সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া, ট্রাইফেডের( TRIFED ) ম্যানেজিং ডিরেক্টর এম রাজা মুরুগান। উপস্থিত ছিলেন মার্কফেডের চেয়ারম্যান

অভিজিৎ দে, জনজাতি কল্যাণ দপ্তরের সচিব কে শশী কুমার। এই মহোৎসবে মোট ৫০টি বিভিন্ন সামগ্রির স্টল রয়েছে। তার মধ্যে উত্তর পূর্বাঞ্চলের ৪৪টি স্টল রয়েছে। আদি মহোৎসবে পশ্চিমবঙ্গ, হিমাচল প্রদেশ, ঝাড়খণ্ড ও ওড়িশা থেকে প্রতিনিধিরা অংশ গ্রহণ করেছেন। আদি মহোৎসবে প্রতিদিন হবে সাংস্কৃতিক অনুষ্ঠান।

****************************

**Agriculture Minister :**

কৃষিমন্ত্রী রতন লাল নাথ বলেছেন, ত্রিপুরার অর্গানিক পণ্যের আন্তর্জাতিক চাহিদা বাড়ছে। সম্প্রতি জার্মানির নুরেমবার্গ আয়োজিত BIOFACH 2026 প্রদর্শনীতে তিনি একথা বলেন। তিনি বলেন, ত্রিপুরার অর্গানিক পণ্য মুগ্ধ জার্মান ক্রেতারা রাজ্য থেকে ৫০০ মেট্রিক টন আদা এবং ২০ মেট্রিক টন বার্ডস আই চিলি অর্ডার দিয়েছেন। ত্রিপুরার জন্য জৈব চাষ কেবল নতুন উদ্যোগ নয়, এটি একটি জীবনধারা। রাজ্যের ভৌগলিক অবস্থান, বৈচিত্র্যময় জীববৈচিত্র্য, প্রচুর বৃষ্টি, বনভূমি এবং প্রাচীন কৃষি চর্চার ঐতিহ্যে জৈব চাষ কৃষকদের জীবনধারাকে অনন্য রূপ দিয়েছে।”

***************************

**STGT Exam :**

টি.আর.বি.টি পরিচালিত এস.টি.জি.টি পরীক্ষা আজ অনুষ্ঠিত হয়েছে। রাজ্যে মোট ৬৩টি কেন্দ্রে ১৯ হাজার ৯৬১ পরীক্ষার্থী এই পরীক্ষায় বসেন। টি.আর.বি.টি-র চেয়ারম্যান প্রত্যুষ রঞ্জন দেব বিভিন্ন পরীক্ষা কেন্দ্র পরিদর্শনের পর জানান, সবকটি পরীক্ষা কেন্দ্রে শান্তিপূর্ণভাবে পরীক্ষা সম্পন্ন হয়েছে।

****************************

**CM-Blood Donation :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আগরতলার সুকান্ত একাডেমী অডিটরিয়ামে Association of Service Engineers of Tripura

(ASSET)-এর ষষ্ঠ দ্বিবার্ষিক সাধারণ সম্মেলন আয়োজিত রক্তদান শিবিরের উদ্বোধন করেন। তিনি বলেন নিয়মিত রক্তদান জীবন বাচানোর পাশাপাশি সামাজিক দায়বদ্ধতা বাড়িয়ে তোলে। তিনি তরুণদের স্বেচ্ছায় রক্তদানে অংশ নেওয়ার আহ্বান জানান। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সাংসদ রাজীব ভট্টাচার্য।

****************************

**Shivratri :**

আগামীকাল মহাশিব রাত্রি বা শিব চতুর্দশী। হিন্দু ধর্মাবলম্বীদের কাছে এক বিশেষ তিথি। পঞ্জিকা অনুযায়ী এবছর শিব চতুর্দশী তিথি রবিবার বিকাল ৪টা ৪৯ মিনিটে শুরু হয়ে সোমবার বিকেল ৫টা ৩৪ মিনিট পর্যন্ত। রাজ্যের বিভিন্ন শিব মন্দির ও শিববাড়িতে এই উপলক্ষে বিশেষ পূজার্চনার আয়োজন করা হয়। উদয়পুরের মহাদেব বাড়ি, আগরতলার আসাম রাইফেলস শিববাড়ি, সেন্ট্রাল রোডস্থিত শিববাড়ি, প্রভৃতি শিববাড়ি ইতিমধ্যেই আলোকমালায় সাজিয়ে তোলা হয়েছে। শিবচতুর্দশীর পূজা উপকরন বেল, বেলপাতা, ধুতরো ফুল, ইত্যাদি উপকরনে বাজারগুলো ইতিমধ্যে সেজে উঠেছে।

****************************

**Mega Lok Adalat :**

রাজ্যে আজ এবছরের প্রথম মেগা লোক আদালত অনুষ্ঠিত হয়। রাজ্যের ২৮টি বেঞ্চে ২৩ হাজার ৬৯৮টি মামলা নিষ্পত্তির জন্য তোলা হয়। ত্রিপুরা হাইকোর্টের বিচারপতি টি অমরনাথ গৌড় আজ আগরতলা আদালত চত্বরে আয়োজিত মেগা লোক আদালত পরিদর্শন করেন।

*******************************

**Prajapita-Condolance :**

প্রজাপিতা ব্রহ্মাকুমারী ঈশ্বরীয় বিশ্ববিদ্যালয়-এর উদয়পুর সাব-সেন্টারের পরিচালিকা রাজযোগিনী ব্রহ্মাকুমারী প্রজ্ঞা বেহেনজী গতকাল বিকেলে প্রয়াত

হয়েছেন। তাঁর মৃত্যুতে অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় গভীর শোক প্রকাশ করেছেন।

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

***********************

**PM-Assam :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, গত ১১ বছরে বিজেপির নেতৃত্বাধীন এন.ডি.এ সরকার উত্তর-পূর্বাঞ্চলের ব্যাপক উন্নয়নে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। আজ গুয়াহাটিতে একটি বুথ বিজয় সংকল্প সভায় তিনি একথা বলেন। তিনি বলেন, গত ১১ বছরে উত্তর-পূর্বাঞ্চলে ৫ কোটি ২৫০ লক্ষ টাকারও বেশি বরাদ্দ করা হয়েছে।

######Byte-PM#####

এর আগে প্রধানমন্ত্রী আজ আসামে ৫,৪৫০ কোটি টাকারও বেশি মূল্যের বেশ কয়েকটি উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও সূচনা করেছেন। গুয়াহাটিতে, তিনি ৩,০০০ কোটি টাকা ব্যয়ে নির্মিত ব্রহ্মপুত্র নদীর উপর কুমার ভাস্কর

বর্মা সেতুর উদ্বোধন করেন। কামরূপ জেলার আমিনগাঁওয়ে আইআইএম গুয়াহাটির অস্থায়ী ক্যাম্পাস এবং উত্তর-পূর্ব অঞ্চলের জন্য জাতীয় ডেটা সেন্টারের ভার্চুয়ালভাবে উদ্বোধন করেন।

প্রধানমন্ত্রী ভারতের চারটি শহরের জন্য পিএম-ইবাস সেবা প্রকল্পের আওতায় ২২৫টি বৈদ্যুতিক বাসের সূচনা করেন। এর আগে, প্রধানমন্ত্রী ডিব্রুগড় জেলার একটি জাতীয় মহাসড়কের পাশে নির্মিত মোরান বাইপাসে জরুরি অবতরণ সুবিধার উদ্বোধন করেন এবং যুদ্ধবিমান, পরিবহন বিমান এবং হেলিকপ্টারের আকাশ প্রদর্শনী প্রত্যক্ষ করেন।

***************************

**CM Reaction on Bangladesh :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বাংলাদেশের নির্বাচনে অসাধারণ জয়ের জন্য বি.এন.পি-র চেয়ারম্যান তারেক রহমানকে অভিনন্দন জানিয়েছেন। আজ আগরতলার সুকান্ত একাডেমী অডিটরিয়ামে এক অনুষ্ঠান শেষে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, বাংলাদেশে গণতান্ত্রিক সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর ত্রিপুরার সঙ্গে সম্পর্ক আরো গভীর হবে। বাংলাদেশের সঙ্গে ত্রিপুরার কৃষ্টি ও সংস্কৃতির মিল রয়েছে, সেই সঙ্গে ঘনিষ্ঠ প্রতিবেশী হিসেবে উভয় দেশের জনগণের শান্তি, অগ্রগতি এবং সমৃদ্ধি আরো বাড়বে এবং বাংলাদেশের সঙ্গে ভারতের সম্পর্ক আরো মজবুত হবে বলে তিনি আশা প্রকাশ করেন।

######Byte-CM######

***************************

**Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২২শে ফেব্রুয়ারী, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১৩১তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত’-এ

জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং Narendra Modi App-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে।

****************************

**SHe-Box Portal :**

কেন্দ্রীয় নারী ও শিশু উন্নয়ন মন্ত্রী অন্নপূর্ণা দেবী আজ বলেছেন যে, সরকারের লক্ষ্য হল প্রতিটি কর্মক্ষেত্রে মহিলাদের জন্য নিরাপদ করা এবং তাদের জন্য সমান কাজের সুযোগ প্রদান করা। নয়াদিল্লিতে কর্মক্ষেত্রে মহিলাদের সুরক্ষা সংক্রান্ত জাতীয় সম্মেলনে তিনি বলেন যে, SHe-Box পোর্টাল মহিলাদের জন্য কর্মক্ষেত্রে তাদের অভিযোগ নথিভুক্ত করা সহজ করে তুলেছে। তিনি আরো বলেন, বিকশিত ভারতের যাত্রায় কর্মক্ষেত্রে মহিলাদের নিরাপত্তা সরকারের সর্বোচ্চ অগ্রাধিকার। তিনি এবারের কেন্দ্রীয় বাজেটে নারীর ক্ষমতায়নের বিষয়ে গুরুত্ব দেওয়ায় প্রশংসা করেন। কেন্দ্রীয় মন্ত্রী উজ্জ্বলা যোজনা, মুদ্রা যোজনা এবং নারী কল্যাণে গৃহিত সরকারের অন্যান্য প্রকল্পগুলির বিস্তারিত উল্লেখ করেন। নারী ও শিশু উন্নয়ন মন্ত্রক কর্তৃক আয়োজিত কর্মক্ষেত্রে নারীর নিরাপত্তা বিষয়ক জাতীয় সম্মেলনের লক্ষ্য হল সকল ক্ষেত্রের মহিলাদের জন্য নিরাপদ, মর্যাদাপূর্ণ এবং হয়রানিমুক্ত কর্মক্ষেত্র তৈরি করা। এর লক্ষ্য কর্মক্ষেত্রে নারীদের যৌন হয়রানি (প্রতিরোধ, নিষেধাজ্ঞা এবং প্রতিকার) আইন, ২০১৩ এর বাস্তবায়ন জোরদার করা। সম্মেলনে উপস্থিত ছিলেন নারী ও শিশু উন্নয়ন প্রতিমন্ত্রী সাবিত্রী ঠাকুর।

****************************

**Civic Action programme :**

সীমান্ত এলাকার জনগনের সঙ্গে সু-সম্পর্ক গড়ে তোলার লক্ষ্যে সীমান্ত রক্ষী বাহিনীর ১২১ ব্যাটেলিয়ানের উদ্যোগে সাব্রুমের সীমান্ত গ্রাম হার্বাতলী, চিতাবাড়ি শ্যামপাড়া ও ভাঙ্গামুড়ায় সামাজিক কর্মসূচীর আয়োজন করা

হয়। এই কর্মসূচিতে স্থানীয় জনগনের মধ্যে মশারী, বর্ষাকালীন জুতো এবং স্কুল ছাত্রছাত্রীদের জন্য রেইনকোট, স্কুল ব্যাগ, পেন্সিল, জ্যামিতি বাক্স সহ অন্যান্য শিক্ষাসামগ্রী প্রদান করা হয়।

*****************************

**Library Inauguration :**

বিধায়ক দীপংকর সেন আজ বিলোনিয়ায় সুকান্তনগর গ্রাম পঞ্চায়েতের শংকর মঠে বিধায়ক এলাকা উন্নয়ন তহবিলের অর্থ ব্যয়ে নির্মিত পাঠাগার ও অফিসগৃহের দ্বারোদঘাটন করেন। উপস্থিত ছিলেন শংকর মঠের সভাপতি রতন সেন।

************************

**Women's Cricket :**

মহিলাদের জাতীয় সিনিয়র ক্রিকেটের সীমিত ওভারের আসরে গ্রুপের পঞ্চম খেলায় ত্রিপুরা জয়লাভ করেছে। আজ রাঁচিতে অনুষ্ঠিত খেলায় রাজ্যদল ১৭ রানে গোয়াকে হারিয়ে দেয়।

**************************

**Naidu Trophy :**

কর্নেল সিকে নাইডু ট্রফি অনূর্ধ্ব ২৩ বছরের ক্রিকেটের চারদিনের খেলায় ত্রিপুরার বিরুদ্ধে বড় স্কোর গড়েছে অন্ধ্রপ্রদেশ। মুলাপাদুর ডি ভি আর মাঠে ৩ উইকেটে ৩৫৮ রান থেকে ব্যাট করতে নেমে দ্বিতীয় দিনে স্বাগতিক অন্ধ্রপ্রদেশ প্রথম ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ৫৬৯ রান করে। জবাবে রাজ্যদল প্রথম ইনিংসে দিনের শেষে ২ উইকেট হারিয়ে ১৯৭ রান করে।

****************************************

**Gen. Padmajang Football :**

কৈলাশহরের কলেজ স্টেডিয়ামে আয়োজিত জেনারেল পদ্মজং স্মৃতি আমন্ত্রণমূলক ফুটবল টুর্নামেন্টের আজকের প্রথম সেমি–ফাইন্যাল খেলায় মনিপুরের রেনেদাই F.C দল জয়লাভ করেছে। খেলার নির্ধারিত সময় ও অতিরিক্ত সময় গোলশূন্য থাকার পর পেনাল্টি শুটআউটে মনিপুরের রেনেদাই F.C দল তিন–এক গোলের ব্যবধানে ত্রিপুরা পুলিশ দলকে হারিয়েছে।

**************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩০.১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৪ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩০ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

*************************